

## ফতওয়া নং ৩৭৮

### প্রশ্ন:

আমাদের গ্রামে একটি মসজিদের পাশে কয়েকটি কবর আছে। মসজিদটি ছোট। এখন যদি মসজিদটি ছাদ ঢালাই করে বড় করার প্রয়োজন পরে তাহলে মসজিদের এক সাইড কবরের উপর পড়বে। এরকম করা কি জাইজ হবে।

### উত্তর:

প্রয়োজনে মসজিদের আয়তন বাড়ানোর উদ্দেশ্যে এমন করা জাইয হবে। তবে কবরস্থানটি যদি ব্যক্তিগত কারোর হয়, তাহলে এটা করতে উক্ত জায়গার মালিকের সম্মতি থাকা আবশ্যিক। (কিতাবুন নাওয়াযিল ১৪/৩৫২, খইরুল ফাতাওয়া ৬/৪০৫, ফাতাওয়া ক্বাসিমিয়া ১৭/৫৪০ নং পৃষ্ঠা দ্রষ্টব্য)

স্বাক্ষর

মুফতী সাইফুল ইসলাম কাসিমী  
ফতওয়া বিভাগ, জামিয়া নুমানিয়া।  
১৫ যুল কাদাহ, ১৪৪৫ হিজরী (24/05/2024)